দৈনিক
জনকণ্ঠ

পৃষ্ঠা ১৬ কলাম ৪

# অন্য দেশে পড়াশোনা
# আয়ারল্যান্ড



আয়ারল্যান্ড উত্তর আটলান্টিকের একটি দ্বীপ; ইংল্যান্ডের পশ্চিমে এর অবস্থান। আধুনিক জীবনযাপনের সমস্ত আরামদায়ক ব্যবস্থা রয়েছে দেশটির রাজধানী শহর ডাবলিনে। আয়ারল্যান্ডে বেশকিছু বাংলাদেশী ছাত্রছাত্রীসহ প্রচুর বিদেশী পড়াশোনা করছে। উচ্চশিক্ষার অনেক সুযোগ রয়েছে এ দেশটিতে।

পড়ার জন্য আদর্শ বিষয়সমূহ : আর্টস, কমার্স, এগ্রোফুড এন্ড দ্য এনভায়রনমেন্ট, ইঞ্জিনিয়ারিং এন্ড আর্কিটেকচার, হিউম্যান সায়েন্স, ইন্টার ডিসিপ্লিন্যারি স্টাডিজ, আইন, মেডিসিন এন্ড হেলথ সায়েন্স, ভেটেরিনারি সায়েন্স, ডেন্টিস্ট্রি, রেডিওলজি, স্পোর্টস এন্ড এক্সারসাইজ, মেডিসিন, আরসিপিআই এন্ড আরসিপিএসআই মেডিসিন, ফিজিওথেরাপি, ফার্মেসী, নার্সিং, ডিজাইন এডুকেশন; ফাইন

বিজনেস, হার্ডওয়্যার এন্ড কম্পিউটিং, ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল এন্ড ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং, বায়োটেকনোলজি, কেমিক্যাল সায়েন্স, ম্যাথমেটিক্যাল সায়েন্স, বিল্ট এনভায়রনমেন্ট, সায়েন্স অব ট্যুরিজম এন্ড ফুড ইত্যাদি।

শিক্ষাবর্ষ ও ধরন : আয়ারল্যান্ডে ১৬টি টেকনিক্যাল কলেজ, ১০টি বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। এখানে এসএসসি-এর সমমান পর্যায় থেকে শুরু করে মাস্টার্স ডিগ্রী যে কোন ক্লাসেই ভর্তি হওয়ার সুযোগ রয়েছে। আয়ারল্যান্ডে পড়াশোনার ভাষা হচ্ছে ইংরেজী। তাই এখানে উচ্চশিক্ষার জন্য ইংরেজীতে দক্ষ হতে হবে। এ ক্ষেত্রে সর্বনিম্ন আইএলটিএস স্কোর ৬ থাকতে হবে।এ দেশে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভাষা শিক্ষার ওপর ৯ মাসব্যাপী ফাউন্ডেশন কোর্স করানো হয়।

শিক্ষার্থীদের শুধু স্নাতক পর্যায়ে বছরে প্রায় ৪,৮০,০০০ থেকে ৭,২০,০০০ টাকা পর্যন্ত টিউশন ফি দিতে হয়। পোস্ট গ্র্যাজুয়েশন পর্যায়ে টিউশন ফি বছরে প্রায় ৬,৪০,০০০ থেকে ১১,২০,০০০ টাকা। আয়ারল্যান্ডে একজন শিক্ষার্থীর থাকা-খাওয়া ও আনুষঙ্গিক খরচ বাবদ বছরে প্রায় ৪৮,০০০ থেকে ৯৬,০০০ টাকা লাগে।

পার্টটাইম জব : এখানে বিদেশী শিক্ষার্থীরা সপ্তাহে ২০ ঘণ্টা কাজ করতে পারে। এ জন্য আলাদা কোন ওয়ার্ক পারমিট নেয়ার দরকার হয় না। ছুটির সময় ফুলটাইম কাজ করারও অনুমতি আছে।

আয়ারল্যান্ডের প্রধান প্রধান বিশ্ববিদ্যালয়ের ওয়েব ঠিকানা :

www.findhome.ie
www.dcu.ie
www.dit.ie

স্কলারশিপ : আয়ারল্যান্ডে স্কলারশিপ পাওয়া কঠিন। শুধুমাত্র স্নাতক পর্যায়ে গবেষণা কার্যক্রম ও খেলাধুলার ক্ষেত্রে কিছু স্কলারশিপের ব্যবস্থা রয়েছে।

এক নজরে আয়ারল্যান্ড
দেশ-আয়ারল্যান্ড
প্রধান ভাষা-ইংরেজী,
রাজধানী-ডাবলিন
মুদ্রা—ইউরো (১ ইউরো=প্রায় ৮৬ টাকা)

*তরিকুল ইসলাম নান্নু*